রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

রপ্তানী-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ আশ্বিন ১৪১৩/১০ অক্টোবর ২০০৬

এস, আর, ও নং ২৪৫-আইন/২০০৬।—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 8 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অমসৃণ হীরা (Rough Diamond) আমদানী ও রপ্তানী (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এর নিম্নরূপ সংশোধন করিল ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২ এর—

(১) দফা (ঘ) তে "উৎপাদক দেশ (country of origin)" শব্দগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "উৎপাদক দেশ (খনি) (country of origin [mining])" শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(চ) "কর্তৃপক্ষ" অর্থ কিম্বারলী প্রসেস সার্টিফিকেট ইস্যু করার নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত রপ্তানী উন্নয়ন ব্যুরো;";


মূল্য ঃ টাকা ৪.০০

(৩) দফা (জ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (জ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(জ) "কমিটি" অর্থ অমসৃণ হীরা আমদানী বা রপ্তানীর নিমিত্ত কিম্বারলী প্রসেস সার্টিফিকেট ইস্যু সংক্রান্ত বিষয়াদি যাচাই এবং পরীক্ষা নিরীক্ষার জন্য বিধি ৫ এর অধীন গঠিত কমিটি;";

(৪) দফা (ণ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ণ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(ণ) "বিরোধপূর্ণ হীরা" অর্থ জাতিসংঘ সাধারণ পরিষদের রেজল্যুশন নং ৫৫/৫৬, ২৬৩/৫৬ এবং নিরাপত্তা পরিষদের রেজল্যুশন নং ১৪৫৯ বা সংশ্লিষ্ট অন্যান্য রেজল্যুশনে বর্ণিত বৈধ সরকারকে উৎখাত করা বা অমর্যাদাকর পরিস্থিতিতে ফেলিবার উদ্দেশ্যে বিদ্রোহী সংগঠনকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবহৃত হীরা;";

(৫) দফা (ত) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ত) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(ত) "রপ্তানী" অর্থ বৈধভাবে বাংলাদেশের ভৌগোলিক পরিসীমা হইতে কোন অমসৃণ হীরা প্রেরণ করা বা বাহির করিয়া লইয়া যাওয়া;";

(৬) দফা (দ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (দ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ

"(দ) "ট্রানজিট" অর্থ কোন অংশগ্রহণকারী দেশ বা অংশগ্রহণকারী নহে এমন দেশের ভূ-সীমার মধ্যে সাময়িকভাবে অবস্থান করিয়া, বা না করিয়া, বা কোন পরিবহন পরিবর্তন করিয়া, বা না করিয়া, বা গুদামজাত করিয়া, বা না করিয়া, সেই অংশগ্রহণকারী দেশে, বা অংশগ্রহণ করেনা এমন দেশে অমসৃণ হীরা চালানের জন্য প্রেরণ করা;";

(খ) বিধি ৫ এর উপ-বিধি (৩) এর দফা (ক) তে উল্লিখিত "এবং সার্টিফিকেট ইস্যুকরণ" শব্দগুলির পরিবর্তে "এবং সার্টিফিকেট ইস্যুকরণ সংক্রান্ত সুপারিশ প্রদান" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) বিধি ৬ এর—

(অ) প্রথম লাইনে "কর্তৃপক্ষ" শব্দটির পর "বিধি ৫ এর অধীন গঠিত কমিটির সুপারিশ সাপেক্ষে এবং" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(আ) দ্বিতীয় লাইনে "আমদানী বা" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(ঘ) বিধি ১০ এর উপ-বিধি (৭) বিলুপ্ত হইবে;

(ঙ) বিধি ১১ এর সর্বত্র উল্লিখিত "কর্তৃপক্ষ" শব্দটির পরিবর্তে "জাতীয় রাজস্ব বোর্ড" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(চ) তফসিল ১ এবং ২ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল ১ এবং ২ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"তফসিল-১

ফরম-"ক"

অমসৃণ হীরা রপ্তানীর উদ্দেশ্যে কিম্বারলী প্রসেস সার্টিফিকেট ইস্যু করার জন্য আবেদনপত্র

(বিধি ৬ দ্রষ্টব্য)

আবেদনপত্র

প্রেরক ঃ

আবেদনকারীর নাম ও ঠিকানা ঃ

বরাবর

কিম্বারলী প্রসেস সার্টিফিকেট (আমদানী/রপ্তানী) ইস্যু কর্তৃপক্ষ

বাংলাদেশ রপ্তানী উন্নয়ন ব্যুরো,

টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা।

মহোদয়,

বাংলাদেশ হইতে অমসৃণ হীরা রপ্তানীর উদ্দেশ্যে কিম্বারলী প্রসেস সার্টিফিকেট ইস্যু করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করা হইল, যথা ঃ—

| | |
|---|---|
| শহর ও দেশের নাম/যে শহর ও দেশ হইতে অমসৃণ হীরা রপ্তানী করা হইবে সে দেশের নাম | ঃ |
| আমদানীকারকের নাম ও ঠিকানা | ঃ |
| রপ্তানীকারকের নাম ও ঠিকানা | ঃ |
| ইনভয়েস নম্বর ও তারিখ (কপি সংযুক্ত) | |
| এইস,এস, কোড নম্বর | ঃ |
| পার্সেলের সংখ্যা | ঃ |
| ক্যারেটের ওজন ও পরিমাণ/ম্যাস (mass)/মোহস (mohs) | ঃ |
| মার্কিন ডলার অনুসারে রপ্তানীতব্য অমসৃণ হীরার মূল্যমান | ঃ |
| উৎপাদক দেশ (খনি) (country of origin [mining]) এর নাম | ঃ |

ঘোষণা

আমি, নিম্নস্বাক্ষরকারী, এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত যে সকল হীরা ইনভয়েসের মাধ্যমে রপ্তানী করা হইবে, সেইগুলি বৈধভাবে ও বৈধ উৎস হইতে ক্রয় করা হইয়াছে এবং হীরাগুলি জাতিসংঘের সাধারণ পরিষদের রেজল্যুশন অনুসারে বৈধ সরকারকে উৎখাত করা বা অমর্যাদাকর

পরিস্থিতিতে ফেলিবার উদ্দেশ্যে বিদ্রোহী সংগঠনকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবহৃত বিরোধপূর্ণ হীরা নহে। আমি (রপ্তানীকারক) এই মর্মে ঘোষণাপূর্বক আরো নিশ্চয়তা প্রদান করিতেছি যে, আমার বিশ্বাস ও ব্যক্তিগত জানামতে উপরোক্ত তথ্যসমূহ সত্য।

আবেদনকারীর স্বাক্ষর ঃ

নাম ঃ

সিল ঃ

সংযুক্তি ঃ—

(ক) রেজিস্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানী, বাংলাদেশ, এর অধীন নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;

(খ) বিনিয়োগ বোর্ড, বাংলাদেশ, এর অধীন নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;

(গ) রপ্তানী উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ, এর তালিকাভুক্তির সত্যায়িত অনুলিপি;

(ঘ) বাংলাদেশ জুয়েলারী ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন কর্তৃক প্রত্যয়নকৃত সনদের সত্যায়িত অনুলিপি;

(ঙ) মূল্য সংযোজন কর আইনের আওতায় মূসক নিবন্ধনের সত্যায়িত অনুলিপি ও আয়কর অধ্যাদেশের আওতায় ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) এর সনদপত্রের সত্যায়িত অনুলিপি;

(চ) ইনভয়েসের কপি।

তফসিল-১
ফরম-"খ"
অমসৃণ হীরা রপ্তানীর উদ্দেশ্যে প্রদেয় কিম্বারলী প্রসেস সার্টিফিকেট
(বিধি-৬ দ্রষ্টব্য)

Certificate No................................

BG

NOT TO BE OPENED FOR INSPECTION EXCEPT BY IMPORTING AUTHORITY AT DESTINATION
(Un authorized opening constitutes & violation of the sanctions imposed by the UN Security Council Res. 1306)

BG

**GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**
MINISTRY OF COMMERCE
EXPORT PROMOTION BUREAU

**KIMBERLEY PROCESS CERTIFICATE**

The rough diamonds in this shipment have been handled in accordance with the provisions of the Kimberley Process Certification Scheme for rough diamonds.

Country of Origin ____________________
Name and address of Exporter ____________________
____________________
____________________

Number of Parcels ____________________
Name and address of Importer ____________________
____________________
____________________

| H.S. CODE | CARAT | VALUE (US $) |
|---|---|---|
| 7102.10 | | |
| 7102.21 | | |
| 7102.31 | | |

Issued on ____________________

Expired on ____________________

____________________
Ministry of Commerce
Export Promotion Bureau

BG

**Import Confirmation**

| Country of Destination | | |
|---|---|---|
| | | |
| Identification of Importer (Name & Address) | | |
| | | |
| Shipment Details | | |
| H.S. CODE | CARAT | VALUE (US $) |
| 7102.10 | | |
| 7102.21 | | |
| 7102.31 | | |
| Date of receipt by importing authority | | |

Importing Authority

Other Authority (Specify)

To be returned to the Ministry of Commerce
Export Promotion Bureau
Dhaka, Bangladesh.

তফসিল-২
(বিধি ২(ড) দ্রষ্টব্য)

কিম্বারলী প্রসেস সার্টিফিকেট স্কীমের আওতাভুক্ত অংশগ্রহণকারী দেশের তালিকা

| ক্রমিক নং | দেশের নাম |
|---|---|
| (১) | অস্ট্রেলিয়া |
| (২) | আইভরি কোষ্ট |
| (৩) | আরমেনিয়া |
| (৪) | ইউরোপিয়ান কমিউনিটি |
| (৫) | ইউক্রেন |
| (৬) | ইসরাইল |
| (৭) | ইন্দোনেশিয়া |
| (৮) | এ্যাংগোলা |
| (৯) | কানাডা |
| (১০) | কোরিয়া প্রজাতন্ত্র |
| (১১) | ক্রোয়েশিয়া |
| (১২) | গণপ্রজাতন্ত্রী চীন |
| (১৩) | গণপ্রজাতন্ত্রী লাউস |
| (১৪) | গায়েনা |
| (১৫) | গিনি |
| (১৬) | ঘানা |
| (১৭) | জাপান |
| (১৮) | জিম্বাবুয়ে |
| (১৯) | টোগো |
| (২০) | ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো |
| (২১) | তানজানিয়া |
| (২২) | থাইল্যান্ড |
| (২৩) | দক্ষিণ আফ্রিকা |
| (২৪) | নরওয়ে |

| ক্রমিক নং | দেশের নাম |
|---|---|
| (২৫) | নামিবিয়া |
| (২৬) | মরিসাস |
| (২৭) | মালয়েশিয়া |
| (২৮) | মার্কিন যুক্তরাষ্ট্র |
| (২৯) | রাশিয়া ফেডারেশন |
| (৩০) | রোমানিয়া |
| (৩১) | লেবানন |
| (৩২) | লেসোথো |
| (৩৩) | বতসোয়ানা |
| (৩৪) | বুলগেরিয়া |
| (৩৫) | বেলারুশ |
| (৩৬) | ব্রাজিল |
| (৩৭) | ভারত |
| (৩৮) | ভিয়েতনাম |
| (৩৯) | ভেনিজুয়েলা |
| (৪০) | শ্রীলংকা |
| (৪১) | সংযুক্ত আরব আমিরাত |
| (৪২) | সিংগাপুর |
| (৪৩) | সিয়েরা লিওন |
| (৪৪) | সুইজারল্যান্ড |
| (৪৫) | সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক।" |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নুরজাহান বেগম**
উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।